

(৫০০৮০)
তারবার্তা
বাংলাব্যাংক

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ডাকবাংলা নং ৩২৫
খাকা।

অফসাইট সুপারভিশন ডিপার্টমেন্ট

ওএস সার্কুলার লেটার নং-০৪

০৫ ফাল্গুন, ১৪১০
তারিখ : -----
১৭ ফেব্রুয়ারী, ২০০৪

প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

প্রিয় মহোদয়,

আমানত বীমা প্রিমিয়াম পরিশোধের সংশোধিত পদ্ধতি পুসংগে।

উপরোক্ত বিষয়ে ০১-০৪-২০০৩ তারিখের ডিবিওডি সার্কুলার নম্বর -০২ এর প্রতি ব্যাংকসমূহের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। আমানত বীমা প্রিমিয়াম হিসাবায়নের লক্ষ্যে বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক তাদের আমানত সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাবলী নির্ধারিত ছকে অর্ধবার্ষিক শেষ হওয়ার পর পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে অত্র কার্যালয়ে প্রেরণ করবে মর্মে উপরোক্ত সার্কুলারে নির্দেশ রয়েছে। পরিলক্ষিত হচ্ছে যে, অধিকাংশ ব্যাংকই নির্ধারিত সময়সীমার মধ্যে সংশ্লিষ্ট তথ্যাবলী সম্বলিত বিবরণী দাখিলে ব্যর্থ হচ্ছে। ব্যাংকসমূহের অসুবিধা বিবেচনান্তে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, এখন থেকে আলোচ্য বিবরণীটি অর্ধবার্ষিক শেষ হওয়ার পরবর্তী মাসের ১৫ তারিখের পরিবর্তে শেষ তারিখের মধ্যে আমাদের নিকট দাখিল করতে হবে।

০৩। বর্ধিত সময় অর্থাৎ মাসের শেষ তারিখের মধ্যে কেম ব্যাংক কর্তৃক উক্ত বিবরণী দাখিল করা না হলে ব্যাংক কোম্পানী আইন ১৯৯১ এর ১০৯ (৭) ধারার বিধান অনুসারে অর্ধদণ্ড ও বিলম্বের জন্য নির্ধারিত হারে জরিমানা আরোপ ও আদায় করা হবে।

০৪। আগামী ৩০-০৬-২০০৪ তারিখে সমাপ্ত্য অর্ধ-বার্ষিক থেকে এ ব্যবস্থা কার্যকর হবে।

অনুগ্রহ পূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ সাইফুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক
ফোন : ৭১২০৩৫৯